26 SEP 1997
তারিখ ...26 SEP 1997 ... ...
পৃষ্ঠা... 2 ... কলাম ... 7 ...

দৈনিক খবর

3

আজ ক্লাস শুরু

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৪ই অক্টোবর পর্যন্ত সভা-সমাবেশ নিষিদ্ধ

॥ সালেক মোহাম্মদ ॥

ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ে আজ বৃহস্পতিবার ক্লাস শুরু হচ্ছে। ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধ এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য ১৪ই অক্টোবর পর্যন্ত সব ধরনের সভা, সমাবেশ ও মিছিল নিষিদ্ধ করা হয়েছে

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## কৃষি বিশ্ববিদ্যালয়ে

প্রথম পৃষ্ঠার পর

এবং ১১ দফা আচরণ বিধি অনুসরণের কথা ঘোষণা করা হয়েছে। আইন-শৃংখলা পরিস্থিতি রক্ষার জন্য আইন-প্রয়োগকারী সংস্থাকে ক্যাম্পাসে রাত-দিন টহল দেয়া এবং অবৈধ অস্ত্রধারীদের গ্রেফতার করার আহবান জানানো হয়েছে।

দু'টি ছাত্র সংগঠনের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের জের হিসেবে গত ৩১শে আগস্ট বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছিল। দুই দফা তারিখ পরিবর্তনের পর আজ বিশ্ববিদ্যালয় খুলছে। আবাসিক হলগুলো গতকাল বুধবার খুলে দেয়া হয়। ছাত্ররা হলে উঠতে শুরু করেছে। তবে তাদের সংখ্যা খুবই কম। ছাত্রদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

বিশ্ববিদ্যালয় খোলার প্রাক্কালে গতকাল শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে শিক্ষকদের সঙ্গে এক বৈঠকে উপাচার্য অধ্যাপক আসাদুর রহমান সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে শিক্ষকদের অবহিত করেন। তিনি সন্ত্রাস বন্ধ এবং শান্তি পরিবেশ ফিরিয়ে আনতে ছাত্র-শিক্ষক ও অভিভাবকদের সমানভাবে এগিয়ে আসার আহবান জানান।

শিক্ষা পরিবেশ উন্নয়ন কমিটি ও শৃংখলা উপদেষ্টা পরিষদ বিভিন্ন ছাত্র সংগঠনের সঙ্গে পৃথক ও যৌথভাবে আলোচনা করে ছাত্রদের মধ্যে ও ছাত্র সংগঠনগুলোর মধ্যে সমঝোতা ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলার কর্মসূচী ঘোষণা করেছে।